# ঘোড়াশাল পৌরসভা কার্যালয়

**পলাশ, নরসিংদী।**

**বিষয় ঃ মার্চ/২০২৩ মাসের পৌর পরিষদের মাসিক সভার কার্যবিবরণী।**

**সভা নং ঃ ১৮**

সভাপতি ঃ (মোঃ আল মুজাহিদ হোসেন)
মেয়র
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

তারিখ ঃ ৩০/০৩/২০২৩খ্রিঃ

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা ।

সভার স্থান ঃ ঘোড়াশাল পৌরসভার সভা কক্ষ।

**সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর হাজিরা রেজিষ্টারে সংরক্ষিত আছে।**

সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তিলোয়াত করেন মোঃ তাজেল হোসেন হাওলাদার, পৌর নির্বাহী কর্মকর্তা ঘোড়াশাল পৌরসভা। এরপর সভাপতি সাহেব সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন।

| ক্র/নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১। | **পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন।** | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব পূর্ববর্তী সভার কার্যবিবরনী পাঠ করিয়া শুনান। উহার উপর বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে আর কোন সংশোধনী না থাকায় সচিব সাহেব উহা অনুমোদনের প্রস্তাব করেন। | ১।কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরনী অনুমোদন করা হয়। | মেয়র |
| ২। | **নগর সমন্বয় কমিটির সভার সুপারিশ সভা নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।** | সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা সাহেব নগর সমন্বয় কমিটির সুপারিশ সমুহ সংক্ষিপ্ত আকারে সারাংশ করে নিম্নরুপ ভাবে সভায় উপস্থাপন করেন।<br>১। পৌর রাজস্ব আদায় ও বাড়ী ঘর নির্মানের শৃঙ্খলার স্বার্থে গৃহ নির্মান বিধিমালা যথাযথ প্রয়োগ ও সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরদের সহযোগিতায় প্রকৌশল বিভাগের নজরদারী বৃদ্ধি করা।<br>২। ফৌজি নতুন বাজারে ১৫০ ফুট ড্রেন করার সুপারিশ করা হয়।<br>৩। ড্রেনসহ ভাগ্যেরপাড়া রাস্তা নির্মানের সুপারিশ করা হয়।<br>৪। বালুচরপাড়া মোড় থেকে শিল্পাঞ্চল কলেজ পর্যন্ত ড্রেন করার সুপারিশ করা হয়।<br>**৫। পবিত্র মাহে রমজান ও ইদকে সামনে রেখে সমস্ত ওয়ার্ডের গুরুত্বপুর্ন রাস্তায় ও মসজিদ সমুহের প্রবেশ পথে বাল্ব স্থাপন,নষ্ট বাল্বের পরিবর্তে নতুন বাল্ব স্থাপন করা।**<br>**৬। যারা নতুন নতুন বাড়ীঘর নির্মান করে তাদেরকে নির্মান বিধিমালা অনুযায়ী অনুমোদন দেয়া।**<br>**৭। রাস্তাঘাট ও ড্রেন নিয়মিত পরিষ্কার করা।**<br>**৮। ট্যাক্স প্রদানে জনগনকে উৎসাহিত করা।**<br>**৯। নিয়মিত মশা নিধনের ওষধ ক্রয় পুর্বক ছিটানোর ব্যবস্থা করা।**<br>১০। **পলাশ কেন্দ্রীয় মসজিদের সামনের ড্রেনের সংযোগ ও সংস্কার করার** সুপারিশ করা হয়।<br>**১১।ঠিকাদারী কাজের নিরাপত্তা জামানত ১০% এর পরিবর্তে ৫% নেয়ার সুপারিশ করেন।**<br>**১২। ইটের সাইজ যাতে ১০" হয় সেজন্য জেলা প্রশাসক বরাবর চিঠি দেয়ার সুপারিশ করা হয় ।**<br>এই নিয়ে সভায় সকল সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে উপস্থিত সকলেই সুপারিশ সমুহ বাস্তবায়নের প্রস্তাব করেন। | **নগর সমন্বয় কমিটির উপস্থাপিত সকল সুপারিশ সমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়।** | **প্রকৌশল বিভাগ/ পৌনিক/ কঞ্জারভেন্সী শাখা** |
| ৩। | স্থায়ী কমিটির সভার সুপারিশ সমূহ আলোচনা ও সুপারিশ গ্রহণ প্রসঙ্গে। | স্থায়ী কমিটির সমুহের কো-অপ্ট সদস্যদের কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা সভায় স্থায়ী কমিটির সুপারিশ সমুহ সংক্ষিপ্ত আকারে সারাংশ করে নিম্নরুপ ভাবে উপস্থাপন করেন। | আলাপ আলোচনান্তে স্থায়ী কমিটির উপস্থাপিত সকল সুপারিশ সমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | |
| | ১। যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক স্থায়ী | ১। ২০২২-২০২৩ অর্থ বছরে সরকারী উন্নয়ন সহায়তা তহবিল ও পৌর রাজস্ব তহবিলের আওতায় দরপত্র আহবানের জন্য গুরুত্বপূর্ণ প্রকল্প ও উহার প্রাক্কলন করা।<br>২। পৌরসভার গুরুত্বপূর্ণ রাস্তার পার্শ্বে এবং চত্ত্বর সমূহের সৌন্দর্য্য বৃদ্ধি করার জন্য সংশ্লিষ্ট কমিটি কতগুলো স্থান নির্বাচন করে প্রকল্প গ্রহণ করেছেন যাহা উপস্থাপন করা হয়। | | |

| ক্র/নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ২। আইন শৃঙ্খলা ও জন নিরাপত্তা বিষয়ক স্থায়ী কমিটি | ১। চুরি ,ডাকাতি বন্ধে জনসাধারণকে সচেতন করা এবং মহল্লা ভিত্তিক পাহাড়ার ব্যবস্থা গ্রহণ করা।<br>২। অন্ধকারাচ্ছন্ন রাস্তায় বাতির ব্যবস্থা করা। | | |
| | ৩। ময়লা আবর্জনা অপসারন ও হস্তান্তর বিষয়ক স্থায়ী কমিটি | পৌর ট্রাক ষ্ট্যান্ডের ভিতর দিয়ে একটি রাস্তা নির্মাণ করা। | | |
| | ৪। দারিদ্র নিরসন ও বস্তি উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি | বস্তি হস্তান্তর বিষয়ে সুপারিশ করা হয়। | | |
| | ৫। কর আদায় ও নিরসন বিষয়ক স্থায়ী কমিটি | ৬ষ্ঠ পঞ্চবার্ষিক রি-এসেসমেন্ট এর পৌরকর ধার্যের কার্যক্রম শেষ করার বিষয়ে সুপারিশ করা হয়। | | |
| | ৬। মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি | ১। প্রতি ওয়ার্ড থেকে কমপক্ষে ৫০০ জনকে ভিজিএফ কার্ড বিতরনের বিষয়ে সুপারিশ করা হয়। | | |
| | ৭। বাজার মুল্য পর্যবেক্ষন মনিটরিং ও নিয়ন্ত্রণ বিষয়ক স্থায়ী কমিটি | ১। বাজারে সকল পণ্যের দাম সমতা আনার জন্য সুপারিশ করা হয়।<br>২। ঘোড়াশাল বাজারের শেডগুলো মেরামত করে দোকানগুলো শেডের ভিতরে নেওয়ার সুপারিশ করা হয়। | | |
| | ৮। সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটি | অডিটরিয়াম ও গ্যারেজের জন্য কর্মী নিয়োগের বিষয়ে দরখাস্ত আহবান করার সুপারিশ করা হয়। | | |
| | ৯। হিসাব ও নিরীক্ষা বিষয়ক স্থায়ী কমিটি | রোড রোলার ভাড়া, অযান্ত্রিক যানবাহন ও বিবাহ নিবন্ধন ফিস আদায়ের সুপারিশ করা হয়। | | |
| | ১০। মৎস্য ও প্রাণী বিষয়ক স্থায়ী কমিটি | ১। প্রতিটি ওয়ার্ড থেকে দরিদ্র লোকজনের একটি তালিকা প্রণয়ন করে পর্যায়ক্রমে (সাধ্যমত) তাদের মাঝে মৎস্য ও গবাদি পশু পালন বিষয়ক প্রশিক্ষণ প্রনয়ন ও প্রয়োজন অনুসারে ভাল জাতের মাছের পোনা বিতরন বিষয়ক সুপারিশ করা হয়। | | |
| | ১১। স্বাস্থ্য, পানি ও স্যানিটেশন বিষয়ক স্থায়ী কমিটি | Zoonotic Disease রোধ কল্পে সুস্থ্য পশু জবাই নিশ্চিত করতে ও পশু জবাই ফিস গ্রহনে কাযকর ভুমিকা রাখতে সুপারিশ করা হয়। | | |
| | ১২।দুর্যোগ বিষয়ক স্থায়ী কমিটি | অতি সম্প্রতি ডেঙ্গু জ্বরের প্রভাব এবং বিশ্বের বিভিন্ন দেশে করেনা পুনঃরায় বৃদ্ধি পাওয়ায় পৌরবাসীকে সচেতন করা এবং জরুরী অবস্থা মোকাবেলার জন্য প্রযোজনীয় প্রস্তুতি গ্রহন করা। | | |
| | ১৩।নগর পরিকল্পনা উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটি | ১। ঘোড়াশাল পৌরসভার জন্য পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রণয়ন করা এবং ওয়াড ভিত্তিক রাস্তা ও ড্রেনের তালিকা প্রস্তুত করা।<br>২। রেলের ঢালুতে বাগান/ সৌন্দর্য্য বৃদ্ধি করন সুপারিশ করা হয়। | | |
| | | এই নিয়ে সভায় সকল সদস্যদের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সবাই সুপারিশ সমুহ বাস্তবায়নের প্রস্তাব করেন। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ক্র/নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ৪। | অন্তবর্তী কর নির্ধারন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | পৌর নির্বাহী কর্মকর্তা কর নির্ধারকের কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে জানান যে, মার্চ/২৩ মাসে ৬টি নতুন এবং ৪টি অংশবৃদ্বি হোল্ডিং এর অন্তর্বর্তীকালিন কর ধার্য্য করা হয়েছে। উহার মধ্যে ৪টি নতুন হোল্ডিং এর আপিল করা হয়েছে।নতুন ২টিসহ অংশবৃদ্বি ০৪ টির আপিল হয়নি। এ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। কাউন্সিলর মরিয়ম বেগম লিমা বলেন যে, যাহারা আপিল করে নাই তাদেরকে দ্রুত আপিলের আওতায় আনা উচিত। | ১। যে হোল্ডিং এর আপিল করে নাই তাকে দ্রুত আপিলের আওতায় আনার সিদ্ধান্ত গৃহিত হয়। | কর নির্ধারন ও আদায় বিষয়ক স্থায়ী কমিটি ও কর নির্ধারন শাখা |
| ৫। | রাজস্ব আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | সভাপতি মহোদয়ের নির্দেশক্রমে কর আদায়কারীর কাছ হতে প্রাপ্ত তথ্যের আলোকে পৌর নির্বাহী কর্মকর্তা জানান যে, মার্চ/২০২৩ মাসে পৌর করের দাবি ছিল= ১,৪৭,৮৯,১৩০/= টাকা। আদায় হয়েছে= ১০,০০,৫৯১/= টাকা। আদায়ের হার ৬.৭৬%। ট্রেড লাইসেন্স বাবদ মার্চ/২০২৩ মাসে আদায় হয়েছে ২,১৫,৬০০/= টাকা। নতুন লাইসেন্স করা হয়েছে ৪৫টি এবং নবায়ন করা হয়েছে ১১৭টি। তিনি আরও জানান যে, লাইসেন্স ফি আদায়ের হার গত বছরের এই সময়ের তুলনায় অনেক ভাল। তবে রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স কার্যক্রম ২ বছর ধরে বন্ধ।<br>এসমস্ত বিষয়ে উপস্থিত সকলের মধ্যে বিস্তারিত আলোচনা হয়। আলোচনা কালে কাউন্সিলর মোঃ বিল্লাল হোসেন বলেন যে, পৌর কর আদায়ের হার বৃদ্ধি করা খুবই দরকার। এজন্য জনগনকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া উচিত। কাউন্সিলর জাকিয়া সুলতানা বলেন যে, পৌরসভার রাজস্ব আদায়ের স্বার্থে বিধি বিধানের বাহিরে কর না কমানোর বিষয়ে মেয়র মহোদয়কে পরামর্শ দেন। কাউন্সিলর ইমরান হোসেন বলেন যে, অনেক পৌরসভা ও ইউনিয়ন পরিষদে লাইসেন্স অনলাইন ভিত্তিক। আমাদের পৌরসভায়ও অনলাইন করা দরকার। | ১। মোট লক্ষ্যমাত্রার নূন্যতম ৯০% হোল্ডিং ট্যাক্স আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২।সকল শ্রেণীর ব্যবসায়ীদের লাইসেন্স এর আওতায় আনার সিদ্ধান্ত হয়।<br>৩। মাঠ পর্যায়ে গিয়ে কার্যক্রম অব্যাহত রাখা সিদ্ধান্ত হয়।।<br>৫। রিক্সা, অটোরিক্সা, ভ্যান এর লাইসেন্স করার সিদ্ধান্ত হয়। | কর আদায় ও লাইসেন্স শাখা |
| ৬। | জন্ম নিবন্ধন সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন | পৌর নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, মার্চ/২৩ মাসে ০-৪৫ দিনের মধ্যে জন্ম গ্রহনকৃত মোট ৮৩ জন শিশুর জন্ম নিবন্ধন হয় এবং মৃত্যু সংখ্যা ০৮টি নিবন্ধন হয়। সকল ওয়ার্ড কাউন্সিলরকে স্ব-স্ব ওয়ার্ড হতে জন্ম গ্রহনকৃত শিশুদের তালিকা পৌরসভা কার্যালয়ে জমা প্রদান করার জন্য আহবান জানান।<br>মেয়র মহোদয় সভায় জানান যে, জন্ম নিবন্ধন কার্যক্রম ১০০% নিশ্চিত করার জন্য সরকার থেকে জেলা প্রশাসনকে এবং জেলা প্রশাসন থেকে পৌরসভাকে বার বার তাগাদা দিচ্ছেন। এটা জাতীয় কর্মসূচী। এ কর্মসূচী বাস্তবায়নের জন্য সরকার খুবই গুরুত্বারোপ করেছেন। জন্ম ও মৃত্যুর তথ্য সংরক্ষন করা পৌরসভার একটি দৈনন্দিন গুরুত্বপূর্ণ কাজ। এ কাজ বাস্তবায়নের জন্য পৌরসভাধীন সকল জামে মসজিদের ঈমাম ও মোয়াজ্জিনকেও দায়িত্ব দেয়া যেতে পারে। কারন কোন শিশু জন্ম গ্রহন করলে তার নাম রাখা ও দোয়া করার জন্য ঈমাম ও মোয়াজ্জিনের দরকার হয়। আবার কোন ব্যাক্তির মৃত্যু হলে তার জানাযা পড়ার জন্যও তাদেরকে দরকার হয়। সেক্ষেত্রে তারা গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে পারে।<br>আবার কোন স্বেচ্ছাসেবী সংগঠনকেও বাসায় বাসায় গিয়ে তথ্য সংগ্রহ করার জন্য এ কাজে ব্যবহার করা যেতে পারে। প্রয়োজনে | ১। সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলরগনও স্ব-স্ব ওয়ার্ড হতে তালিকা সংগ্রহ করবেন মর্মে সিদ্ধান্ত হয়।<br>২। পৌরসভার সকল মসজিদের ঈমাম ও মোয়াজ্জিনগনকে দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত হয়।<br>৩। ১ থেকে ৯ নং ওয়ার্ডে স্বেচ্ছাসেবী সংগঠনকে এ কাজ করার দায়িত্ব দেয়ার সিদ্ধান্ত হয়।<br>৪। স্বেচ্ছাসেবী সংগঠন ও ঈমাম মোয়াজ্জিনে আলোচনার মাধ্যমে সম্মানী দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়। | স্বাস্থ্য শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | তাদেরকে কিছু সম্মানীর ব্যবস্থাও করা যেতে পারে । তার এ প্রস্তাবকে উপস্থিত সবাই সমর্থন করেন। | | |
| ক্র/নং | আলোচ্য সূচীঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
| ৭। | **উন্নয়ন কর্মকান্ড সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন প্রসংগে** | **২০২২-২০২৩ অর্থ বছরে সরকারী আর্থিক মঞ্জুরী ও নিজস্ব তহবিলের অধীন উন্নয়নমুলক কাজ বাস্তবায়নঃ** অদ্যকার সভায় মেয়র মহোদয় সভায় জানান যে, চলতি অর্থ বৎসরের সরকারী উন্নয়ন সহায়তার অর্থ দ্বারা ৯টি প্রকল্পে ৫৭,২২,২০৭/=টাকার ও নিজস্ব তহবিলের অর্থ দ্বারা ২৫টি প্রকল্পে ১,৯৮,৩০,৮৪৩/=টাকার উন্নয়ন কাজ বাস্তবায়ন করার জন্য দরপত্রের মাধ্যমে ঠিকাদারও নির্বাচন করা হয়েছে। ঠিকাদারদের অনুকূলে নোটিফিকেশন অব এওয়ার্ড প্রদান করে চুক্তিপত্র সম্পন্ন করা হয়েছে। চুক্তিপত্র সম্পন্নের পর দ্রুত কাজও শুরু করা হয়েছে। কাজগুলির মান যাতে ভাল হয় সেই জন্য সঠিকভাবে তত্ত্বাবধায়ন ও মনিটরিং করার জন্য সংশ্লিষ্ট ওয়াড কাউন্সিলরদের সহযোগিতা চান। অত:পর এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং কাজের গুনগত মান বজায় রাখার জন্য উপস্থিত সকল সদস্য একমত প্রকাশ করে সঠিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন। | বাস্তবায়ন যোগ্য কাজগুলি মাঠ পর্যায়ে সরেজমিনে তত্ত্বাবধায়ন ও মনিটরিং করার জন্য সকল কাউন্সিলরকে দায়িত্ব প্রদান করে গুনগতমান রক্ষার জন্য সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ১০। | **বিবিধ** | প্যানেল মেয়র-২ জনাব ফরহাদ হোসেন বলেন যে, কাউন্সিলর কক্ষে অনেক লোকজন বসে তাদের চিত্তবিনোদনের জন্য একটি এশ ই ডি টিভি স্থাপন করা খুবই দরকার।উপস্থিত সবাই তার এ প্রস্তাবকে সমর্থন করেন। | কাউন্সিলরদের কক্ষে একটি এল ইডি টিভি ক্রয় পূর্বক স্থাপন করার সিদ্ধান্ত হয়। | |

অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**(মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।

স্মারক নংঃ ঘোপৌস/০১/সাধা-১/২০২১-২০২২/ তারিখঃ

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতির জন্যঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নগর ব্যবস্থাপনা ও পরিচালক,আরবান ম্যনেজম্যান্ট সাপোর্ট ইউনিট,এলজিইডি সদর দপ্তর, লেভেল-৭, আরডিইসি ভবন,আগারগাঁও ঢাকা-১২০৭।
৩। জেলা প্রশাসক, নরসিংদী।
৪। প্রকল্প পরিচালক, গুরুত্বপূর্ন নগর অবকাঠামো উন্নয়ন প্রকল্প-২,আরডিইসি ভবন, এলজিইডি সদর দপ্তর, আগারগাঁও ঢাকা-১২০৭।
৫-১৬। কাউন্সিলর,(সকল), ঘোড়াশাল পৌরসভা, পলাশ, নরসিংদী।
১৭। বিভাগীয় প্রধান (সকল), ঘোড়াশাল পৌরসভা ,পলাশ, নরসিংদী। ।
১৮। অফিস কপি

**( মোঃ আল মুজাহিদ হোসেন )**
**মেয়র**
ঘোড়াশাল পৌরসভা
পলাশ, নরসিংদী।